28/8/2007

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ কলাম ... ... ৭ ...

# বেসরকারী শিক্ষক কর্মচারীরা জুন জুলাইয়ের বেতন এখনও পাননি

**স্টাফ রিপোর্টার** ॥ দেশের বেসরকারী শিক্ষক-কর্মচারীদের প্রতিমাসের বেতনের সরকারী অংশ পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রদানের সরকারী সিদ্ধান্ত উপেক্ষিত হচ্ছে। আগস্ট পার হতে চললেও বেসরকারী শিক্ষক-কর্মচারীরা গত জুন ও জুলাইয়ের বেতন এখনও পাননি। এর ফলে পরিবার-পরিজন নিয়ে তাদের আর্থিক দুরবস্থার মধ্য দিয়ে দিন কাটাতে হচ্ছে।

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের সদ্যনিযুক্ত মহাপরিচালক ডঃ এটিএম শরীফ উল্লাহ এ ব্যাপারে জনকণ্ঠকে বলেন, বেসরকারী শিক্ষক-কর্মচারীরা যাতে নিয়মিত বেতনের সরকারী অংশ পান সেজন্য ব্যবস্থা করা হচ্ছে। এমপিও কারেকশনের জন্য জুন ও জুলাইয়ের বেতন বকেয়া পড়েছে বলে তিনি উল্লেখ করেন। ডঃ শরীফ উল্লাহ জানান, খুব শীঘ্র বকেয়া বেতন প্রদান করে পরবর্তীতে রেগুলার করার ব্যবস্থা নেয়া হবে।

এদিকে বিভিন্ন বেসরকারী শিক্ষক সংগঠন নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে দু'মাসের বেতন বকেয়া পড়ায় তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। তাঁরা প্রত্যেক মাসের বেতন পরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে প্রদানের ব্যবস্থা করার দাবি জানান। বাংলাদেশ শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল শিক্ষা সচিবের সঙ্গে গত বুধবার সাক্ষাত করে এই দাবি জানানোর পাশাপাশি নয় দফা চুক্তি বাতিলসহ ১৫ দফা বাস্তবায়নের অনুরোধ জানান। সমিতির সভাপতি কাজী আঃ রাজ্জাক ও মহাসচিব মোঃ সেলিম ভুঁইয়ার নেতৃত্বে ১৬ সদস্যের প্রতিনিধি দলের বক্তব্য শোনার পর শিক্ষা সচিব ন্যায়সঙ্গত দাবি বাস্তবায়নের আশ্বাস দেন। বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান শেখ আমানুল্লাহ ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এক বিবৃতিতে অবিলম্বে জুন ও জুলাইয়ের বকেয়া বেতন প্রদানে ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান উপদেষ্টা, শিক্ষা উপদেষ্টা ও শিক্ষা সচিবের হস্তক্ষেপ কামনা করেন। বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির দু'টি গ্রুপও তাঁদের হস্তক্ষেপ কামনা করেছে।